তারিখ 19 APR 2017
পৃষ্ঠা ... কলাম ...

দৈনিক
আমাদের সময়

# ৩৫তম বিসিএসে শিক্ষা ক্যাডারে ৮৩৬ জনের নিয়োগ

নিজস্ব প্রতিবেদক ●

৩৫তম বিসিএস সাধারণ শিক্ষা ক্যাডারের ৮৩৬ জনকে প্রভাষক পদে বিভিন্ন সরকারি কলেজে নিয়োগ দিয়ে প্রজ্ঞাপন জারি করেছে শিক্ষা মন্ত্রণালয়। নিয়োগপ্রাপ্তদের আগামী ২ মে সকাল ৯টার মধ্যে নির্ধারিত কর্মস্থলে যোগদান করতে বলা হয়েছে। গতকাল শিক্ষা মন্ত্রণালয় এ আদেশ জারি করে।

আদেশে বলা হয়েছে, কোনো কর্মকর্তা নির্ধারিত তারিখে যোগদান করতে ব্যর্থ হলে তিনি চাকরিতে যোগদান করতে সম্মত নন বলে ধরে নেওয়া হবে এবং নিয়োগ ও পদায়ন বাতিল বলে গণ্য হবে। এ প্রজ্ঞাপনটি শিক্ষা মন্ত্রণালয়ের ওয়েবসাইটে দেওয়া হয়েছে। গত ২ এপ্রিল বিভিন্ন ক্যাডারের দুই হাজার ৭৩ জনের চূড়ান্ত নিয়োগ আদেশ জারি করে ৩৫তম বিসিএসের প্রজ্ঞাপন জারি করে জনপ্রশাসন মন্ত্রণালয়। এর আগে গত

এরপর পৃষ্ঠা ৯, কলাম ৭

## ৩৫তম বিসিএসে শিক্ষা ক্যাডারে

(শেষ পৃষ্ঠার পর) বছরের ১৭ আগস্ট মৌখিক পরীক্ষার ফল প্রকাশ করে সরকারি কর্মকমিশন (পিএসসি)। এতে বিভিন্ন ক্যাডারের দুই হাজার ১৫৮ জনকে নিয়োগের সুপারিশ করা হয়।

প্রসঙ্গত, গত বছরের ১৩ জানুয়ারি ফল প্রকাশ করা হয় ৩৫তম বিসিএসের লিখিত পরীক্ষার। এতে ৬ হাজার ৮৮ জন উত্তীর্ণ হন। উল্লেখ্য, ৩৫তম বিসিএসের লিখিত পরীক্ষা ২০১৫ সালের ১ সেপ্টেম্বর শুরু হয়ে শেষ হয় ১০ অক্টোবর।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং........................
তারিখ........................

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ডি.এস.পি বিভাগ | |
| সিস্টেম এনালিস্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে

স্বাক্ষর